# Public Safety (Special Provision) Act

From Page 8

হাজির হওয়ার নির্দেশ দিতে পারিবে এবং উক্ত সময়ের মধ্যে যদি অভিযুক্ত ব্যক্তি ট্রাইব্যুনালে হাজির হইতে ব্যর্থ হন, তাহা হইলে ট্রাইব্যুনাল তাহার অনুপস্থিতিতে বিচার করিতে পারিবে।

(৪) যদি কোন অভিযুক্ত ব্যক্তি ট্রাইব্যুনালে হাজির হইবার পর বা তাহাকে ট্রাইব্যুনালে হাজির করার পর বা তাহাকে ট্রাইব্যুনাল কর্তৃক জামিনে মুক্তি দেওয়ার পর পলাতক হন, তাহা হইলে তাহার ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রযোজ্য হইবে না, এবং সেইক্ষেত্রে ট্রাইব্যুনাল, কারণ লিপিবদ্ধ করিয়া, অভিযুক্ত ব্যক্তির অনুপস্থিতিতে তাহার বিচার সম্পন্ন করিতে পারিবে।

১৮। বিচার পদ্ধতি, বিচারের সময়সীমা ইত্যাদি।— (১) ট্রাইব্যুনাল ফৌজদারী কার্যবিধির ২৬৪ ধারা অনুযায়ী সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্ন করিবে এবং এতদুদ্দেশ্যে—

(ক) ফৌজদারী কার্যবিধির Chapter XX-তে বর্ণিত পদ্ধতি, যতদূর প্রযোজ্য হয়, অনুসরণ করিবে ; এবং

(খ) সাক্ষ্য গ্রহণের ক্ষেত্রে, কোন সাক্ষীর বক্তব্য হুবহু লিপিবদ্ধ না করিয়া উহার সারাংশ লিপিবদ্ধ করিবে।

(২) এই আইনে বর্ণিত কোন অপরাধের বিচার কেবলমাত্র ধারা ২২ এর অধীন গঠিত ট্রাইব্যুনালে বিচারযোগ্য হইবে।

(৩) ট্রাইব্যুনালে মামলার শুনানী শুরু হইলে উহা শেষ না হওয়া পর্যন্ত প্রতিদিন একটানা চলিবে ঃ

তবে শর্ত থাকে যে, ট্রাইব্যুনাল যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, ন্যায়বিচারের স্বার্থে বিচারকার্য মুলতবী করা প্রয়োজন, তাহা হইলে কারণ লিপিবদ্ধ করিয়া বিচারকার্য অনধিক ১৫ দিনের জন্য মুলতবী করিতে পারিবে।

(৪) বিচারের জন্য কোন মামলা প্রস্তুত হওয়ার তারিখ হইতে ৯০ দিনের মধ্যে ট্রাইব্যুনাল বিচারকার্য সমাপ্ত করিবে ঃ

তবে শর্ত থাকে যে, যদি এই সময়সীমার মধ্যে বিচারকার্য সমাপ্ত না হয়, তাহা হইলে ট্রাইব্যুনাল, বিচারকার্য সমাপ্ত না হওয়ার কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত ৯০ দিনের পরবর্তী ৩০ দিনের মধ্যে মামলার বিচারকার্য সমাপ্ত করিবে।

'(৫) তদন্ত প্রতিবেদন দাখিলের পর যদি ট্রাইব্যুনাল তদন্ত সংশ্লিষ্ট তথ্যাদি পর্যালোচনা করিয়া এই মর্মে সন্তুষ্ট হয় যে, তদন্ত প্রতিবেদনে আসামী হিসাবে উল্লিখিত কোন ব্যক্তিকে ন্যায় বিচারের স্বার্থে সাক্ষী করা বাঞ্ছনীয়, তবে উক্ত ব্যক্তিকে আসামীর পরিবর্তে সাক্ষী হিসাবে গণ্য করিবার নির্দেশ দিতে পারিবে।'

'(৬) যদি মামলার সাক্ষ্য গ্রহণ সমাপ্তির পর ট্রাইব্যুনালের নিকট প্রতীয়মান হয় যে, এই আইনের অধীন কোন অপরাধের তদন্তকারী কর্মকর্তা কোন ব্যক্তিকে অপরাধের দায় হইতে রক্ষা করার উদ্দেশ্যে বা তদন্ত কার্যে ইচ্ছাকৃত গাফেলতির মাধ্যমে অপরাধটি প্রমাণের ব্যবহারযোগ্য কোন আলামত সংগ্রহ বা বিবেচনা না করিয়া বা উক্ত ব্যক্তিকে আসামীর পরিবর্তে সাক্ষী করিয়া বা কোন গুরুত্বপূর্ণ সাক্ষীকে পরীক্ষা না করিয়া তদন্ত প্রতিবেদন দাখিল করিয়াছেন, তাহা হইলে উক্ত তদন্তকারী কর্মকর্তার বিরুদ্ধে প্রচলিত আইনে ফৌজদারী মোকদ্দমা দায়ের করিবার জন্য উক্ত কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নির্দেশ দিতে পারিবে অথবা উক্ত কার্য বা অবহেলাকে অদক্ষতা বা, ক্ষেত্রমত, অসদাচারণ হিসাবে চিহ্নিত করিয়া ট্রাইব্যুনাল উক্ত কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে তাহার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিতে পারিবেন।'

(৭)—কোন মামলার বিচারকার্য শেষ না করিয়া যদি কোন ট্রাইব্যুনালের বিচারক বদলী হইয়া যান, তাহা হইলে তিনি বিচারকার্যের যে পর্যায়ে মামলাটি রাখিয়া গিয়াছেন, সেই পর্যায় হইতে তাহার স্থলাভিষিক্ত বিচারক বিচার কার্যক্রম শুরু করিবেন এবং তাহার পূর্ববর্তী বিচারক যে সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করিয়াছেন, সেই সাক্ষীর সাক্ষ্য পুনরায় গ্রহণ করার প্রয়োজন হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, ন্যায়বিচারের স্বার্থে যদি বিচারক কোন সাক্ষীর সাক্ষ্য সম্পূর্ণভাবে বা আংশিকভাবে পুনরায় গ্রহণ করা অপরিহার্য বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি সাক্ষ্য গ্রহণ করা হইয়াছে এমন যে কোন সাক্ষীকে তলব করিয়া পুনরায় তাহার সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন।

(৮) কোন শিশু এই আইনের অধীন অপরাধ সংঘটনের অভিযোগে অভিযুক্ত হইলে বা উক্ত 'অপরাধের সাক্ষী হইলে তাহার ক্ষেত্রে Children Act, 1974 (XXXIX of 1974) এর বিধানাবলী যতদূর সম্ভব, অনুসরণ করিতে হইবে।

১৯। বিশেষজ্ঞ ইত্যাদির প্রতিবেদনের সাক্ষ্যমূল্য।— সরকার কর্তৃক নিয়োজিত কোন রাসায়নিক পরীক্ষক, সহকারী রাসায়নিক পরীক্ষক, রক্ত পরীক্ষক, হস্তলিপি বিশেষজ্ঞ, আংগুলাংক বিশেষজ্ঞ বিশারদ অথবা আগ্নেয়াস্ত্র বিশেষজ্ঞ বিশারদকে বা মামলার সহিত জড়িত কোন ঘটনা সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ যদি —

(ক) এই আইনের অধীন কোন অপরাধ সংক্রান্ত কার্যক্রম চলাকালীন সময়ে কোন বিষয়ে পরীক্ষা বা বিশ্লেষণ করিয়া প্রতিবেদন দিয়া থাকেন ; এবং

(খ) তিনি মৃত্যুবরণ করিয়া থাকেন বা সাক্ষ্য দিতে অক্ষম হন বা তাহাকে খুঁজিয়া পাওয়া সম্ভব না হয় বা তাহাকে ট্রাইব্যুনালে হাজির করিবার চেষ্টা এইরূপ বিলম্ব, ব্যয় বা অসুবিধার ব্যাপার হয় যে, পরিস্থিতি অনুসারে উক্ত বিলম্ব ব্যয় বা অসুবিধা কাম্য নহে বলিয়া ট্রাইব্যুনাল সন্তুষ্ট হয়, তাহা হইলে ট্রাইব্যুনাল উক্ত পরীক্ষক বা বিশেষজ্ঞের প্রতিবেদন তাহাকে পরীক্ষা না করিয়াই সাক্ষ্য হিসাবে গ্রহণ করিতে পারিবে।

২০। সাক্ষীর উপস্থিতি নিশ্চিতকরণ।— (১) এই আইনে বর্ণিত কোন অপরাধের বিচারের জন্য সাক্ষীর সমন বা ওয়ারেন্ট কার্যকর করিবার জন্য সংশ্লিষ্ট সাক্ষীর সর্বশেষ বসবাসের ঠিকানা যে থানায় অবস্থিত, সেই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে এবং উক্ত সাক্ষীকে ট্রাইব্যুনালে উপস্থিত করিবার দায়িত্ব উক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তার থাকিবে।

(২) উপ-বিধি (১) এর বিধান সত্ত্বেও সাক্ষীর সমনের একটি অনুলিপি সংশ্লিষ্ট সাক্ষীকে সরাসরি এবং সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার বা ক্ষেত্রমত, পুলিশ কমিশনার বা উক্ত সাক্ষীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রাপ্তি স্বীকারপত্র সমেত নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা যাইবে।

(৩) এই ধারার অধীন কোন সমন বা ওয়ারেন্ট কার্যকর করিতে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তা ইচ্ছাকৃত গাফলতি করিলে ট্রাইব্যুনাল উহাকে অদক্ষতা হিসাবে চিহ্নিত করিয়া সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সুপারিশ করিতে পারিবে।

(৪) এই ধারার অধীনে কোন মামলার সাক্ষী হিসাবে উপস্থিত হওয়ার জন্য কোন সরকারী কর্মকর্তা বা বিশেষজ্ঞকে ট্রাইব্যুনালের সমন বা ওয়ারেন্ট এর বিষয় সরাসরি সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষ বা অন্য কোন কর্তৃপক্ষ অবহিত করা সত্ত্বেও, উক্ত সাক্ষী সময়মত ট্রাইব্যুনালে উপস্থিত না হইলে তাহার এই কাজ হইবে কর্তব্যে অবহেলার সামিল এবং তজ্জন্য উক্ত কর্মকর্তা বা বিশেষজ্ঞের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে; এবং ট্রাইব্যুনাল উক্ত অবহেলা সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সুপারিশও করিতে পারিবে।

২১। ফৌজদারী কার্যবিধির প্রয়োগ, ইত্যাদি।— (১) এই আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে, কোন অপরাধের অভিযোগ দায়ের বা প্রাথমিক তথ্য সরবরাহ, তদন্ত, বিচার পূর্ববর্তী কার্যক্রম, বিচার ও আপীল নিস্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হইবে এবং ট্রাইব্যুনাল একটি দায়রা আদালত বলিয়া গণ্য হইবে এবং এই আইনের অধীন যে কোন অপরাধ বা এই আইন অনুসারে অন্য কোন অপরাধ বিচারের ক্ষেত্রে দায়রা আদালতের সকল ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে।

(২) এই আইনের অধীন দন্ডনীয় সকল অপরাধ, এই আইনের বিধানাবলী সাপেক্ষে, বিচারার্থ গ্রহণীয় (Cognizable) এবং অ-জামিনযোগ্য (Non-bailable) হইবে।

(৩) ট্রাইব্যুনালে অভিযোগকারীর পক্ষে মামলা পরিচালনাকারী ব্যক্তি পাবলিক প্রসিকিউটর বলিয়া গণ্য হইবেন।

২২। জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল।— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এক বা একাধিক জেলার জন্য একটি করিয়া ট্রাইব্যুনাল গঠন করিতে পারিবে যাহা জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল নামে অভিহিত হইবে ; এবং একটি জেলার জন্য গঠিত হইলে ট্রাইব্যুনাল উক্ত জেলা সদরে এবং একাধিক জেলার জন্য গঠিত হইলে ট্রাইব্যুনাল সংশ্লিষ্ট জেলাগুলির মধ্যে যে কোন জেলা সদরে বা ক্ষেত্রমত মেট্রোপলিটন এলাকায় অবস্থিত থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার প্রয়োজনবোধে একটি জেলা বা কোন মেট্রোপলিটন এলাকার জন্য একাধিক ট্রাইব্যুনালও গঠন করিতে পারিবে এবং এইরূপ ক্ষেত্রে ট্রাইব্যুনাল গঠনকারী প্রজ্ঞাপনে সরকার প্রতিটি ট্রাইব্যুনালের এখতিয়ারভুক্ত এলাকা ও অবস্থান নির্দিষ্ট করিয়া দিবে।

(২) একজন বিচারক সমন্বয়ে ট্রাইব্যুনাল গঠিত হইবে এবং সরকার জেলা জজ পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের মধ্য হইতে ট্রাইব্যুনালের বিচারক নিযুক্ত করিবে।

(৩) সরকার, প্রয়োজনবোধে, কোন জেলা ও দায়রা জজকে তাঁহার দায়িত্বের অতিরিক্ত হিসাবে ট্রাইব্যুনালের বিচারক নিযুক্ত করিতে পারিবে।

(৪) এই ধারায় জেলা জজ বলিতে অতিরিক্ত জেলা ও দায়রা জজও অন্তর্ভুক্ত।

২৩। ট্রাইব্যুনালের এখতিয়ার।— (১) সাব-ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন পুলিশ কর্মকর্তা বা এতদুদ্দেশ্যে সরকারের নিকট হইতে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির লিখিত রিপোর্ট ব্যতিরেকে কোন ট্রাইব্যুনাল কোন অপরাধ বিচারার্থ গ্রহণ করিবে না ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত রিপোর্টে কোন ব্যক্তির বিরুদ্ধে অপরাধ সংঘটনের অভিযোগ বা তৎসম্পর্কে উক্ত বিষয়ে কার্যক্রম গ্রহণের সুপারিশ না থাকা সত্ত্বেও, ট্রাইব্যুনাল যথাযথ এবং ন্যায়-বিচারের স্বার্থে প্রয়োজনীয় মনে করিলে, সংশ্লিষ্ট কারণ উল্লেখপূর্বক উক্ত ব্যক্তির ব্যাপারে সংশ্লিষ্ট অপরাধ বিচারার্থ গ্রহণ করিতে পারিবে।

(২) যে ট্রাইব্যুনালের এখতিয়ারাধীন এলাকায় কোন অপরাধ বা উহার কোন অংশ সংঘটিত হইয়াছে অথবা যেখানে অপরাধীকে বা, একাধিক অপরাধীর ক্ষেত্রে, তাহাদের যে কোন একজনকে পাওয়া গিয়াছে, সেই স্থান যে ট্রাইব্যুনালের এখতিয়ারাধীন, সেই ট্রাইব্যুনালে অপরাধটি বিচারার্থ গ্রহণের জন্য রিপোর্ট পেশ করা যাইবে এবং সেই ট্রাইব্যুনাল অপরাধটির বিচার করিবে।

(৩) এই আইনের অধীন কোন অপরাধের সহিত নারী ও শিশু নির্যাতন (বিশেষ বিধান) আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১৮ নং আইন) এর অধীন কোন অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধ যদি এমনভাবে জড়িত থাকে যে, ন্যায়বিচারের স্বার্থে উভয় অপরাধের বিচার একই সংগে বা একই মামলায় করা প্রয়োজন, তাহা হইলে উক্ত অন্য অপরাধটির বিচার এই আইনের অধীন অপরাধের সহিত এই আইনের বিধান অনুসরণে একই ট্রাইব্যুনালে করা যাইবে।

(৪) ট্রাইব্যুনাল এই আইনের অধীন কোন অপরাধের জন্য অপরাধীকে নির্ধারিত শাস্তি এবং উপ-ধারা (৩) এ উল্লিখিত অন্য কোন আইনের অধীন অপরাধের জন্য উক্ত আইনে নির্ধারিত শাস্তি প্রদান করিতে পারিবে।

(৫) ট্রাইব্যুনাল প্রয়োজনবোধে উহার নিকট বিচারাধীন কোন মামলা সংক্রান্ত অপরাধ সম্পর্কে অধিকতর তদন্তের জন্য উপ-ধারা (১) এ উল্লিখিত পুলিশ কর্মকর্তা বা ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবে এবং উক্ত নির্দেশে তদন্তের রিপোর্ট প্রদানের জন্য অনধিক ১৫ দিনের সময়সীমা নির্ধারণ করিয়া দিতে পারিবে; এবং অধিকতর তদন্ত সমাপ্তিতে ব্যর্থতার ক্ষেত্রে ধারা ১৩ এর উপ-ধারা (৩)(খ) বা ক্ষেত্রমত উপ-ধারা (৫) এর বিধান প্রযোজ্য হইবে।

২৪। আপীল।— (১) ফৌজদারী কার্যবিধিতে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, উপ-ধারা (২) অনুযায়ী ব্যতীত, এই আইনের অধীন কোন অপরাধ সংঘটনের অভিযোগ রহিয়াছে এইরূপ ব্যক্তির ব্যাপারে সূচীত কোন আইনগত কার্যধারা বা ট্রাইব্যুনাল প্রদত্ত কোন আদেশ বা ট্রাইব্যুনালে গৃহীত বা নিস্পন্নাধীন কার্যধারার বৈধতা বা যথার্থতা সম্পর্কে কোন আদালতে প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(২) এই আইনে বর্ণিত কোন অপরাধ সংঘটনের অভিযোগ রহিয়াছে এইরূপ ব্যক্তির জামিন মঞ্জুর বা না-মঞ্জুর করিয়া ট্রাইব্যুনাল প্রদত্ত আদেশ বা উক্ত অপরাধ সংঘটনের জন্য আরোপিত দন্ডাদেশ বা উক্ত অপরাধের ব্যাপারে প্রদত্ত খালাস আদেশ দ্বারা সংক্ষুব্ধ পক্ষ উক্ত আদেশ, দন্ডাদেশ বা খালাস আদেশের বিরুদ্ধে, উহার প্রদানের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে, হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন।

২৫। বিধি প্রণয়নের ক্ষমতা।— সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

কাজী মুহম্মদ মনজুরে মওলা
সচিব।

## TV Guide

**Friday 18th February**

(All programmes are in local time. The Daily Star will not be responsible for any change in the programme)

### BBC

**6:00** BBC World News **6:30** HARDtalk **7:00** BBC World News & Asia Today inc World Bussines **9:00** World News **9:30** Asia Today inc World Bussines **10:00** BBC World News **10:30** HARDtalk **11:30 Earth Report- It`s A Gas 12:00** World News **12:30 Out of India 1:00** World News **1:30** HARDtalk **2:30 Panorama 3:30** Hard Talk: **4:00** BBC World News **4:30** Talking Movies **5:00** BBC World Today **5:30** This Week **6:30 Panorama 7:00** BBC World News **7:15** World Business Report **7:30** BBC World Today- Asia & Pacific **8:30 Talking Movies 9:00** BBC World News **9:30** Hard Talk: **10:00** BBC World News **10:30** World Living: **Question Time India 11:00** World News **11:30** World Living: **How Buildings Learn #3/6- Built For Change 12:00** BBC World Today **12:35** World Business Report **12:45** World Sport **1:30** Hard Talk: **2:30** Corespondent- **3:00** BBC World News **3:30** World Business Report **4:30** Europe Direct **5:00** BBC News inc.World Business Report

### CHANNEL V

**7:30** [V] Hit Machine **12:00** Virtual [V] (Back To Back Vids) **12:15** [V] Hit Machine **1:00** [V] Video Preview **1:30** [V] Hit Machine **3:00** [V] Jungli Jukebox **3.30** [V] First Day First Show **4:00** [V] Line Lagao **4:30** [V] Hit Machine **5:00** [V] Tonite **5:30** [V] Hit Machine **6:00** [V] On Campus **6:30** [V] Hit Machine **7:00** Tea With [V] (Back To Back Vids) **7.30** Virtual [V] (Back To Back Vids) **7:45** Tea With [V] (Back To Back Vids) **8:30** [V] Style Police **9:00** Tea With [V] (Back To Back Vids) **9:30** [V] Line Lagao **10:00** [V] Hit Machine **11:00** [V] The Ticket **11:30** [V] Jungli Jukebox **12:00** [V] First Day First Show **12:30** [V] Hit Machine **1:00** [V] Late Night **3:00** [V] Hit Machine

### STAR PLUS

**6:30** Ninaad **7:30** Good Morning India (News, Business & Entertainment news) **9:15** The Trial Show - Film Trialer **9:30** TVC Shoping **10:00** Good Morning India - Rpt. (News, Business & Entertainment news) **12:00** Shock TV! #32 **12:30** TVC Shoping **1:00** Film Based: Hit Ya Fit #197 **1:30** Daily Sope: Sansar #105 **2:00** Zindegi. Com #18 **2:30** Daily Sope: Swabhiman #426 (N) **3:00** Antaraal #7 (*Om Puri) **3:30** Friday Tea Time **Cinema : Anjaam Khuda Jaane (*Naseeruddin Shah, Anita Raj, Danny) 6:30** Daily Sope: Maal Hai To Taal Hai #95 **7:00** Film Based: Hit Ya Fit **7:30** STAR News (Hindi ) **8:00** Kuccha Paapad Pucca Paapad #33 (Anchore- Nnasir) **8:30** Aur Phir Ek Din #33 (*Kiron Kumar, Soni Razdan) **9:00 Pal Chinn #45** (* Manhor Sing, Prabha Sinha, Arun Govil, Gruupreet Singh, Silpa Tulsidkar) **9:30** STAR News (English) **10:00** Muster Card- Family Fortune **10:30 Star Talk #46 11:00** Aaj Ki Baat **11:30 Kabhie Kabhie 12:00** Star News **12:30** Daily Sope: Swabhiman **1:00** Daily Sope: Sansar **1:30** Aaj Ki Baat **2:00** Daily Sope: Maal Hai To Taal Hai **2:30** Aur Phir Ek Din (*Kiron Kumar, Soni Razdan) **3:00 Pal Chinn** (* Manhor Sing, Prabha Sinha, Arun Govil, Grupreet Singh, Silpa Tulsidkar) **3:30** Muster Card- Family Fortune **4:00** STAR Talk **4:30 Kabhie Kabhie 5:00** Ninaad

### STAR WORLD

**7:00** Hollywood Squares **7:30** Martin Short Show **8:00** Home Improvment **8:30** Happy Days **Ep- Nose For News 9:00** Series: Walker Texas Ranger #228 **Ep- Trust No One 10:00** Series: Due South #43 Ep- **I Could`a Been A Defendent 11:00** The Oprah Winfrey Show **12:00** World`s Widest Police Video **1:00** Ooh La La #16 **1:30** The Bold And The Beautifull #2126 **2:00** Martin Short Show **3:00** The New WKRP In Cincinnati **3:30** Happy Days **Ep- My Fair FOnzie 4:00** Hollywood Squares **4.30** Home Improvment **5:00** Star News Asia **5:05** Fox World Business Report **5:30** Daily Sope- Friends **Ep- The One With The Fake Monica** (*Jennifer Aniston, Courteney Cox, Lisa Kudroa, **Matt** LeBlane, Matthew Perry, David Shwimmer) **6:00** Dr. Quinn Medicine Woman **6:55** Asian News Update (5 mins) **7:00** Strange Luck #3/17 **Ep- Last Chance 8:00** Series: Murder Call #40 **Ep- Cold Comfort 9:00** Daily Sope- Friends **Ep- The One With The Ick Factor** (*Jennifer Aniston, Courteney Cox, Lisa Kudroa, Matt **LeBlane**, Matthew Perry, David Shwimmer) **9:30** Dr. Quinn Medicine Woman **10:30** Strange Luck #3/17 **Ep- Last Chance 11:30** Series: The Simpsons **12:00** 3rd Rock From The Sun **Ep- Just Ypur Average Dick 12:30** Daily Sope- Friends **Ep- The One With The Ick Factor** (*Jennifer Aniston, Courteney Cox, Lisa Kudroa, Matt **LeBlanc**, Matthew Perry, David Shwimmer) **1:00** Series: Dr. Quinn Medicine Women **# Ep- 2:00** Strange Luck **3:00** Jerry Savlle Ministry **3:30** Exalted Word **4:00** Series: Creflo Dollar, Changing Your World **4:30** Sky World News **5:00** Lassie

### STAR MOVIES

**7:30** Comedy: Switching Channels) (15) **9:30** Sci-Fi: Gargantua (12) **11:30** Action: Death Train (*Pierce Brosnan, Patrick Stewart, Alexander Paul, Christopher Lee) (15) **1:15** Romance: Pretty Woman (*Julia Roberts, Richard Gere) (15) **3:30** Romance: The Object of My Affection (*Jennifer Aniston, Paul Rudd, Alan Alda) (15) **5:30** Comedy: Unfaithfully Yours (*Dudley Moore, Nastassja Kinski, Armand Assante, Albert Brooks) (15) **7:30** Sci-Fi: Gargantua (12) **9:30** Bhaskar Ghose Show **10:00** Friday Night-All Stars: The Doors (*Val Kilmer, Meg Ryan, Kyle Maclachlan, Michael Madsen, Billy Idol) **(15) 12:30** Lee Friday Fury: Kung Fu Girl **2:30** Action: Rapid Assault (*Tim Abell, Jeff Rector, Lisa Mazzetti) (15)

### TNT MOVIES

**9:30** Western: Colorado Territory (*Joel McCrea, Virgini Mayo) **11:15** Drama: Rich And Famous (*Jackueline Bisset, Cadice Bergen) **1:05** Horror: Night of Dark Shadows (*David Selby, Lara Parker) **3:25** Sci-Fi: Logan`s Run (*Michael York, Jenny Agutter)

### ZEE INDIA TV

**7:00** Jagran **7:30** to 10:30 PM Every Half Hour — Zee News Hindi **11:00** Campaign Trail **11:30** Zee News Hindi **12:00** Zee News Hindi **12:57** News Headlines **1:00** TBA **1:30** to 06:30 PM Every Half Hour — Zee News Hindi

### MTV INDIA

**8:00** MTV Classic Vj Sarah / Rahul **9:00** MTV Non-Stop Hits **11:00** MTV Most Wanted Vj Shehnaz **12:00** MTV Non-Stop Hits **12:30** MTV Hit Film Music **1:00** MTV Housefull V Nafisa **1:30** MTV Cinemascope **2:30** MTV Non-Stop Hits **3:30** MTV Love Line Vj Malaika **4:00** MTV Bakra **4:30** MTV Select Vj Nikhil **5:30** MTV Most Wanted Vj Shehnaz **6:30** MTV Chill Out Vj Cyrus/Asif/Nikhil **7:30** MTV Kenwood Hit List **9:30** MTV Hit Film Music **10:00** MTV House Full Vj Nafisa **10:30** MTV Non-Stop Hits **11:00** MTV Lovelibe **11:30** The Grind **12:00** MTV Chill Out Vj Cyrus/Asif/Nikhil **1:00** MTV Concerts

### MUSIC ASIA

**7:30** Aalaap **8:00** Ta Ra Rum **9:00** Brake Fail **10:00** Star`s Day Out **10:30** Hit Mix **11:00** Colgate Zig Zag Best Of The Day **11:30** Ponds All Time Romantic Hits **12:00** Bajaj Music Box **12:30** Saare Ga Ma Classic **1:00** Himani Gold T. Jharokha **2:00** Popbusters **2:30** Ta Ra Rum **3:30** Brake Fail **4:30** Bajaj Music Box **5:00** 1900 **5:30** Hit Mix **6:00** Saare Ga Ma Classic **7:00** Ponds All Time Romantic Hits **7:30** Music Quiz **8:00** Music Zone **8:30** Samay Quartz Best of Best **9:30** Bajaj Music Box **10:00** Sizzlers **10:30** Himai Gold T. Jharokha **11:00** Disco Mein Kisko **11:30** Shabab **12:00** Brake Fail **1:00** Colgate Zig Zag Best Of The Day **1:30** Himai Gold T. Jharokha **2:00** Bajaj Music Box **2:30** Nez Gen **3:00** Ta Ra Rum **4:00** Music Zone **4:30** Brake Fail **5:30** Super Vasmol Old is Gold **6:00** Sizzlers

### DD7 BANGLA

**10:25** Janmadin **10:35** Daily Sope: Shree Ram Krishna **11:00** Daily Sope: Dropadi **11:15** Classical/Folk Songs **11:30** Parliament Hour/ Musical **12:30** Daily Sope: Kunja Villa **1:00** Daily Sope: Aakash Choaa **1:30** Daily Sope: Rupkatha **2:00** Daily Sope: Kanakanjali **2:30** Daily Sope: Shree Ram Krishna **3:00** Daily Sope: Maha Probhu **3:30** Daily Sope: Mohini **3:55** Daily Soap: Bhul Thikanay **4:20** E Sudhu Ganer Din **4:45** Nepali Prog **5:05** Drama **5:30** News **5:40** Gaan **5:50** Palli Katha **6:10** Shilpi **6:40** Khas Khabar **6:50** Janmabhumi **7:30** Bangla Sambad **8:00** Bela Abela **8:30** East Backland Road (Serial) **9:00** Daily Sope: Janmabhumi **9:30** Daily Sope: Dropadi **10:00** Khas Khabar **10:10** Bengali Movie

### ALPHA TV

**6:00** Griha Laksh Eer Jinn **6:30** Alaap **7:00** Kee Darun Dreshow **7:30** Monihaar **8:00** Serial: De Ray (*Roby Ghosh, Tapos Pall) **8:30** Serial: Bhalo Basha **9:00 Bangla Movie- 11:30** Jiban Jeban **12:00** Serial: Daag **12:30** Serial: Shyaola (*Kushal Banergee, Pallob, Sabbosachi, Biplob Chatargee) **1:00** Bahari Ahaar **1.30** Plabon **2.00** Griho Sajja **2.30 Bangla Movie- Pavitra Paapi (*) 5:00** Bharat Bhroman **5:30** Asian Sky Shop **6:00** Serial: Grihalhaksh Meer Jinn **6:30** Serial: Bhorer Alo **7:00** Serial: Margarita **7:30** Serial: Dour **8:00** News In Bangali **8:30** Serial: De Ray (*Roby Ghosh, Tapos Pall) **9:00** Serial: Sanghaat **9:30** Bharat Bhroman **10:00** News In Bangali **10:30 Bangla Movie- Aandhare Alo (*) 1:00** Grihosajja **1:30 Bangla Movie- 4:00** Serial: Margarita **4:30** Serial: Dour **5:00** Serial: De Ray (*Roby Ghosh, Tapos Pall) **5:30** Serial: Sanghaat

### ZEE CINEMA

**6:30** Film Show- Mere Sajna (*Rakhee, Naveen Nischoi` **9:30** Ikka Pe Ikka **10:00** Tarana **10:15** Movie Fare **10:30** Film Show- Jadu Tona (*Feroz Khan) **1:30** All Tims Hits **1:45** Madhyantar **2:00** Film Show- Pyaar Ke Naam Kurban (*Mithun, Dimple) **5:30** Abhinetri **6:00** Chehren **6:45** Film Time **6:30 Friday Favourite** Film Show- **Suraj (*Rajendra Kumar, Vaijyanti Mala) 10:20** Movie, Masti, Magic **10:25** Aaina **10:30** Film Show- Brahhachari (*Shammi Kapoor, Rajashri) **2:20** Moods Melody **2:30** Film Show-

### SONY MAX

**6:30** Film Show- Prem Vivah **9:30** Chartbusters **10:00** Music Mantra **10:30** Film Show- Najma **1:30** Chartbusters **2:00** Music Mantra **2:30** Film Show- Duniya Meri Jeb Mein **5:30** Film Show- Aadat Se Majboor **8:30** Chartbusters **9:00** Music Mantra **9:30** Film Show- **Inquilaab (*Amitabh, Sridevi) 12:30** Film Show- Mashaal **3:30** Film Show- Zimbo Finds A Son

### DD CHANNEL-1

**6:30** UGC Prog. **7:30** Samachar **7:45** Suba Sabera **8:45** The News **8:50** This Morning's Business **9:00** Suba Sabera **9:30** Kashmir (Serial) **10:00** UGC Prog. **10:30** Serial : Tarang **11:00** ETV Programme **11:30** Ardhangine (Serial) **12:30** Serial: Kamyaab **1:00** Serial: Tulshi **1:30** Serial:Intezeer Aur Sahi **2:00** Serial: Deewaar **2:30** News in Hindi **2:40** News in English **3:00** Serial: Kashmir **3:30** Serial : Sunhare Pal **4:00** Tea Time Monoranjan **4:30** News in English **5:00** Series For Chilern **5:30** Consumar Protection **6:00** Kunooni Sala **6:30** Dilli Aajtak **7:00** Music **7:30** Samachar **7:45** Delhi Round Up **8:00** Tele Film- **8:20** Chitrahar **9:00** Samachar **9:30** Serial: Bulbul Bagh **10:00** Hindi Film: **2:00** Serial: Kamyaab **2:30** Serial:Intezeer

### SONY TV

**7:30** Aatma **8:00** Rushiprasad **8:30** Chartbusters **9:00** Ek Mahal Ho Sapna Ka (Daily Soap) **9:30** Music Mantra **10:00** Khoya Khoya Chand **10:30** The Poppadum Show **11:00** Dil Vil Pyar Vaar **11:30** Sparsh **12:00** Movers & Shekars **12:30** Chartbusters **1:00** The Byte **1:30** Music Mantra **2:0** Boogi Woogi **2:30** Ek Mahal Ho Sapna Ka **3:00** Aurat (Daily Soap) **3:30** Cinae Matani Film: Heera **7:00** Junoon **7:30** Music Mantra **8:00** Chartbusters **8:30** Star Year Kalakaar- **9:35** Heena **10:05** Choti Si Asha **10:40** Movers & Shekars **11:15** Ek Mahal Ho Sapna Ka **11:45** Junoon **12:15** Music Mantra **12:30** Boogi Woogi **1:00** Kanyadaan **1:30** I Love You **2:00** Archana Talkies **3:00** Aurat **3:30** Cine Nite Show- Hindi Feature Film: Main Chup Rahungi

### ZEE TV

**6:00** Yaadon Ki Pal-B/W Songs **6:30** Zee News (Rept) **6:50** Jhalak- Trailer **7:30** Jagran **8:00** Guldasta **8:30** Zara Has Ke- Hai Zindegi **9:00** Zara Has Ke-Filmi Chakkar **9:30** Disney Hour (Cartoon) **10:30** Ek Nazar **11:00** Bajaj Super 7 Muqabla **11:30** Basera **12:00** Raahi **12:30** Khana Khazana **1:00** Bournvita Quiz Contest **1:30** Naye Nazrane **2:00** Daily Sope- Hum Panch **2:30** Saath Saath **3:00** kartavya **3:30** Cinema Hits- HF Film: **6:30** Ek Nazar **7:00** Disney Hour **8:00** Public Demand **8:25** Close Up Antakshiri **9:00** Ashirwad **10:00** Tejaswini **10:30** Gadbare **11:00** Aangan **11:30** Kartavya **11:55** Jhalak **12:00** Haad Kar Di **12:30** Suspence Hour **1:00** Agnichakra **2:00** Zee News **2:30** Zee Arabia : Neeyat **3:00** Hindi Feature Film:

### DD METRO

**7:00** Anhad **7:15** Bhakti Sagar **7:45** Subah Aaj Tak **8:00** Good Morning Today **8:30** First Edition **9:00** Filing Fire **9:30** Serial: Agnipath **10:00** Serial: See Hawk **10:30** Tele Shopping **11:00** Daily Sope- Naya **11:30** Daily Sope- Front Page **12:00** Daily sope- Kismat **12:30** Serial: Kunjulilon **1:00** TV Brand **1:30** Serial: Akash Choya **2:00** Baaje Payal **2:30** Daily Sope- Bandhan **2.55** Samachar/News **3.00** Adaa **3.30** Hindi **Cinema Show- 6:00** Defenders of Thr Earth **6.30** Chip And Dale **7:00** Betaal Pachisi **7.30** Metro Hangama **7:50** Entertainment Now / Cinema Cinema **8.00** Shikhar Tak **8.30** Naya (Serial) **9.00** All The Best (Top Ten India) **10.00** Serial: **10.30** Aaj Tak (News Up-date) **11.00** Aaghat **12:00** English Feture Film- **1:00** Hindi Films-.

### DD Int'l

**9:30** Opening & News in English **9:45** Business Plus **10:00** Chitrahar (Meet the Film Star) **10:30** Asian AM **11:00** Light Music **11:15** Suravi (Renuka Sahani) **11:45** Gul Gulshan Gulfam **12:15** Bharat Samachar **12:30** TBA **1:00** Hindi Film **10:00** Hindi Film (Rpt)

### CARTOON NETWORK

**5:30** World Famous Toons **6:30** Tom & Jerry Kids **7:00** Flintstones **7:30** The Popeye Show **8:00** Dexter`s Laboratory **8:30** I Am Weasel **9:00** The Powerpuff Girls **9:30** Scooby & Scrappy Doo **10:00** Sylverster & Tweety Mysteries **10:30** Garfield & Friends **11:00** Casper And The Angels **11:30** New Adventures of Captain Planet **12:00** Tiny Toon Adventures **12:30** The New Scooby Deo Movies **1:30** The Road Runner Show **2:00** Tom & Jerry Kids **2:30** Garfield & Friends **3:30** Flinstones

### HOME TV

**8:00** Club 700 **8:30** High Five **9:00** Pahli Nazar **9:15** Cartoons **10:00** Action Drama **10:45** Chalte Chalte **11:00** Hit-Hit Hurray **12:00** Hollywood Hangame **12:30** Satya **1:00** Tele Shoping Network **1:30** Tele Brands **2:00** Zuban Sambhalke **2:30** Ga Mere Man Ga **3:30** Duniya Gol Hai **4:00** Safar **4:30** Matinee Show **5:00** Tele Shopping Network **5:30** Chalte Chalte **5:45** Cartoon **6:30** Action Drama **7:15** Chalte Chalte **8:30** Born Lucky **9:00** Popularly Yours **9:30** First Cut **10:00** Jaane Kya Tune Kahi **10:30** Duniya Gol Hai **11:30** Aamma & Family

### NATIONAL GEOGRAPHIC

**7:00** NBC Nightly News **7:30** Birds of The Snow **8:00** Tribal Voice **9:00** Family Hour- **10:00** Wild **11:00** Science- **12:00** Ocean Worlds **1:00** People & Places **2:00** Tomorrow`s World **2:30** The Third Planet **3:00** Find of The Century **3:30** Wild **4:00** Shark Feeders **4:30** Taming The Wild River **5:00** Family Hour **6:00** Wild **7:00** Science Adventures **8:30** Ocean Worlds **9:00** People & Places- **10:00** Wild **11:00** Science Adventures **12:00** Ocean Worlds **1:00** People & Places **2:00** Tribal Voice **3:00** Family Hour **4:00** People & Places **5:00** Ocean Worlds **6:00** Today